# ২০২৩
# বাংলা
(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোড : BNGH-CC-T-6

(উপন্যাস)

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও: ২×১০=২০

ক) 'আমি মরিয়াছিলাম, আমাকে কে বাঁচাইল?'— কে বলেছে? কীভাবে তাকে বাঁচানো হলো?

খ) প্রসাদপুর কোন জেলার কোন নদীর কাছে অবস্থিত?

গ) গোবিন্দলাল কীভাবে খুনের মামলা থেকে খালাস পেলেন?

ঘ) শচীকান্ত কে? সে মন্দিরে কিসের মূর্তি বসিয়েছিল?

ঙ) 'ঘরে বাইরে' উপন্যাসে বিমলা, নিখিলেশ ও সন্দীপের কটি করে আত্মকথা আছে?

চ) বিমলার দিদিশাশুড়ির পরিচয় দাও।

ছ) 'এফিনিটি' বলতে সন্দীপ কী বুঝিয়েছে?

(পরের পাতায়)

জ) মিস্ গিলবি কে? তাকে কেন নিখিলেশের বাড়ি ছাড়তে হয়?

ঝ) মাস্টারমশাই-এর ছেলে কেন বাবার ওপর রাগ করে দেশছাড়া হয়?

ঞ) নতুনদা থিয়েটারে কী বাজাতো? তার বাড়ি কোথায় ছিল?

ট) কী জন্য ইন্দ্র কেঁদেছিল?

ঠ) রাজার ছেলের সঙ্গে শ্রীকান্তের কীভাবে পরিচয়?

ড) 'এই আমার মাথায় হাত দিয়ে শপথ কর ভাই, আর কখনো এ বাড়িতে আসিস নে' — কে কাকে বলেছে? কেন?

ঢ) 'আপনি থাকলে মা বড় আনন্দে থাকেন' - কে কাকে বলেছে? তার মা কে?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) বারুণীর পরিচয় দাও। এখানে কী ঘটে?

খ) 'কিন্তু মনে রাখিও, উপরে দেবতা আছেন' — কে কাকে কী প্রসঙ্গে বলেছে?

গ) ঘরে বাইরে উপন্যাসে অমূল্যের ভূমিকার গুরুত্ব সম্পর্কে লেখো।

ঘ) রূপসী না হওয়া সত্বেও বিমলা কী কারণে জমিদার বাড়ির বধূ হতে পেরেছিল ব্যাখ্যা করো।

ঙ) 'এই বিঠৌরা গ্রামের নামটি কেন আমার মনে আছে' - —কেন শ্রীকান্ত নামটি ভুলতে পারেনি? সেখানে কী ঘটে?

চ) 'রাজলক্ষ্মী কাশীতে মরিয়া শিবত্ব লাভ করিল' — কথাটির তাৎপর্য কী?



৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) গোবিন্দলাল চরিত্র বিশ্লেষণ করে দেখাও কীভাবে তার উত্তরণ ঘটলো।

খ) নিখিলেশ ও সন্দীপের মধ্যে কাকে নায়ক বলে তুমি মনে করো? কেন যুক্তি সহ লেখো।

গ) 'ঘরে বাইরে' উপন্যাসের নামকরণটি কি সার্থক? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

ঘ) 'শ্রীকান্ত' উপন্যাসের শ্রেণিবিচার করো।